

দুর্নীতি দমন কমিশন আইনের তফসিলভুক্ত অপরাধ যেমন:

- সরকারি কর্তব্য পালনের সময় সরকারি কর্মচারী/ব্যাংকার/সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত যে কোনো ব্যক্তি কর্তৃক উৎকোচ (ঘুষ)/উপটোকন গ্রহণ;
- সরকারি কর্মচারী/সরকার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত যে কোনো ব্যক্তি বা অন্য কোনো যে কোনো ব্যক্তির অবৈধভাবে নিজ নামে/বে-নামে সম্পদ অর্জন;
- সরকারি অর্থ/সম্পত্তি আত্মসাৎ বা ক্ষতিসাধন;
- সরকারি কর্মচারী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে ব্যবসা/বাণিজ্য পরিচালনা;
- সরকারিকর্মচারী কর্তৃক জ্ঞাতসারে কোনো অপরাধীকে শাস্তি থেকে রক্ষার প্রচেষ্টা;
- কোনো ব্যক্তির ক্ষতিসাধনকল্পে সরকারি কর্মচারী কর্তৃক আইন অমান্যকরণ ;
- মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২-এর অধীন সংঘটিত অপরাধসমূহ এবং
- সরকারি কর্মকর্তা-কর্মচারী/ব্যাংকার কর্তৃক জাল-জালিয়াতি এবং প্রতারণা ইত্যাদি।

কোথায় অভিযোগ করবেন:

- কমিশনের ভেরিফাইড ফেসবুক পেজ ([Anti-Corruption Commission - Bangladesh](https://www.facebook.com/Anti-Corruption-Commission-Bangladesh)).
- কমিশনের ই-মেইল (chairman@acc.org.bd)
- যে কোনো টেলিফোন বা মোবাইল নম্বর থেকে দুদক অভিযোগকেন্দ্রের হটলাইন-১০৬ এ টোল ফ্রি টেলিফোনের মাধ্যমে।
- এছাড়া লিখিতভাবে কমিশনের চেয়ারম্যান/কমিশনার বরাবরে দুদক প্রধান কার্যালয় , ১ সেগুনবাগিচা, ঢাকার ঠিকানায় অথবা ৮ টি বিভাগীয় কার্যালয়ে বিভাগীয় পরিচালক বরাবরে (অপরাধটি যে বিভাগের অধীন সংঘটিত), দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয় ঢাকা/চট্টগ্রাম/রংপুর/ময়মনসিংহ/ রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট ।

অথবা

- কমিশনের ২২ টি সমন্বিত জেলা কার্যালয়ের উপপরিচালক বরাবরে (অপরাধটি যে সমন্বিত জেলা কার্যালয়ের অধীন সংঘটিত), দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১/ঢাকা-২/টাঙ্গাইল/ফরিদপুর/ময়মনসিংহ/চট্টগ্রাম-১/চট্টগ্রাম-২/রাঙ্গামাটি/কুমিল্লা/নোয়াখালী/রাজশাহী/বগুড়া/পাবনা/রংপুর/দিনাজপুর/খুলনা/কুষ্টিয়া/যশোর/বরিশাল/পটুয়াখালী /সিলেট/হবিগঞ্জ অভিযোগ দায়েরের সুযোগ রয়েছে।